

আন্তঃবিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন শাবিপ্রবি

শাবিপ্রবি প্রতিনিধি

১৩ মে ২০২৪, ০৯:৪৯ পিএম



দেশের সবচেয়ে বড় আন্তঃবিশ্ববিদ্যালয় হ্যাকাথন প্রোগ্রামিং কোডিং (সামুরাই-২০২৪) প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) টিম 'ডিফাইন কোডারস'।

চ্যাম্পিয়ন টিমের সদস্যরা হলেন সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৮-১৯ সেশনের ছাত্র নাফি উল্লাহ শাফিন, ১৯-২০ সেশনের মেহরাজুল ইসলাম ও শাওন মাজিদ।

বাংলাদেশ-জাপান যৌথ ভেঞ্চার কোম্পানিসহ বেশকয়েকটি জাপানি আইটি কোম্পানির সহযোগিতায় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে এই হ্যাকাথন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ৪০৭টি দল অংশগ্রহণ করে। এর মধ্যে ২৭টি বিশ্ববিদ্যালয়ের ৪৬টি দল ফাইনাল পর্বে অংশ নেওয়ার সুযোগ পায়। এর মধ্যে শাবিপ্রবির ৭টি দল অংশ নেয়।

নিজের অনুভূতি জানিয়ে চ্যাম্পিয়ন টিমের সদস্য মেহরাজুল ইসলাম বলেন, ‘এটা বাংলাদেশের সবচেয়ে বড় হ্যাকাথন প্রোগ্রাম ছিল। আমরা আমাদের দিক থেকে সর্বোচ্চ চেষ্টা করেছিলাম। তাই চ্যাম্পিয়ন হওয়ার পর খুব ভালো লেগেছে, যা ভাষায় প্রকাশ করা যায় না। ভবিষ্যতেও দেশ-বিদেশে এমন মেগা ইভেন্টে অংশগ্রহণ করে বিশ্ববিদ্যালয়ের জন্য সুনাম বয়ে নিয়ে আসতে চাই।’

চ্যাম্পিয়ন টিমকে অভিনন্দন জানিয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ‘বর্তমানে আমাদের বিশ্ববিদ্যালয় শিক্ষা, গবেষণা, সুশাসন ও অবকাঠামোগত এগিয়ে যাচ্ছে। এতে আমাদের বিশ্ববিদ্যালয় থেকে পাস করা শিক্ষার্থীরা দেশ-বিদেশের বিভিন্ন জায়গায় সুনামের সাথে কাজ করছে। আমরাও শিক্ষক, শিক্ষার্থীদের সুবিধার্থে বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা বৃদ্ধি করেছি, এটা চলমান রয়েছে